গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১১ ডিসেম্বর ২০২২
সভার সময়	বেলা ১০.৩০ টা।
স্থান	সভাকক্ষ, পানি সম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে করণীয় নির্ধারণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে মাননীয় প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে এ মন্ত্রণালয়ের করণীয় বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাপতি বলেন মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে ১৬ ডিসেম্বর পুষ্পস্তবক অর্পণ, বিভাগীয়/জেলা পর্যায়ে মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থা/দপ্তরে জাতীয় পতাকা উত্তোলন, পানি উন্নয়ন বোর্ড এর সকল জেলা অফিস মসজিদে দোয়া মাহফিলের আয়োজন ও দোয়া মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গ, জাতীয় চার নেতা ও স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারী সকল মুক্তিযোদ্ধাগণের উদ্দেশ্যে মোনাজাতের আয়োজন করা যেতে পারে। সভায় উপস্থিত মাননীয় প্রতিমন্ত্রী ও, সিনিয়র সচিব মহোদয়ের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। মাননীয় প্রতিমন্ত্রী বিভাগীয়/জেলা পর্যায়ে জেলা প্রশাসন কর্তৃক মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে সংশ্লিষ্ট সংস্থা/দপ্তরের কর্মকর্তাগণ-কে সক্রিয় অংশগ্রহণ এবং মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। মাননীয় উপমন্ত্রী মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে বাপাউবো'র কলোনীসমূহে বিভিন্ন খেলাধুলা আয়োজনের পরামর্শ প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	কর্মসূচী	বাস্তবায়নে
০১.	বিভাগীয়/জেলা পর্যায়ে মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থা/দপ্তরে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।	পাসম এবং সকল সংস্থা
০২.	পানি সম্পদ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ঢাকাস্থ সংস্থা ও দপ্তরের কর্মকর্তাগণ সাভারে জাতীয় স্মৃতিসৌধে ১৬ ডিসেম্বর বিকাল ৩.০০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করবেন।	পাসম এবং সকল সংস্থা
০৩.	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সকল জেলা অফিস মসজিদে দোয়া মাহফিলের আয়োজন ও দোয়া মাহফিলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গ, জাতীয় চার নেতা ও স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারী সকল মুক্তিযোদ্ধাগণের উদ্দেশ্যে মোনাজাতের আয়োজন করতে হবে।	বাপাউবো
০৪.	বাপাউবো'র কলোনীসমূহে বিভিন্ন খেলাধুলার আয়োজন করতে হবে।	বাপাউবো

০৫.	জেলা পর্যায়ে জেলা প্রশাসন কর্তৃক মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে সংশ্লিষ্ট সংস্থা/দপ্তরের কর্মকর্তাগণ সক্রিয় অংশগ্রহণ করবেন।	পাসম এবং সকল সংস্থা

০৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৬৯.২২.৭৫০

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
২) .....১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সুজিত হাওলাদার
উপসচিব